



# প্রথেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ

## নোটিশ

এতদ্বারা ছাত্র-ছাত্রী, সম্মানিত অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় পুনরায় অ্যাসাইনমেন্ট কার্যক্রম চালু করেছে যার ভিত্তিতে পরবর্তী ক্লাসে উত্তীর্ণ করা হবে। সে মোতাবেক আগামী ২৯/০৫/২০২১ ইং তারিখ, শনিবার সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির সম্মানিত অভিভাবকগণের মাধ্যমে অ্যাসাইনমেন্ট পূর্ববর্তী পরীক্ষার নম্বরপত্র ও ইউনিক আইডি কার্ডের তথ্য ফরম প্রদান করা হবে এবং পূর্ববর্তী অ্যাসাইনমেন্ট জমা নেওয়া হবে। সকল সম্মানিত অভিভাবকগণকে আগামী ২৯/০৫/২০২১ ইং তারিখ, শনিবার সকাল ৯টা থেকে বিকাল ৩টার মধ্যে যাবতীয় কাগজপত্র গ্রহণ করার জন্য এবং সেই সঙ্গে ৩য় অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। ১০ম শ্রেণির ক্ষেত্রে সম্মানিত অভিভাবকগণের মাধ্যমে আগামী ২৯/০৫/২০২১ ইং তারিখ, শনিবার সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ২য় ধারাবাহিক মূল্যায়ন পরীক্ষার প্রশ্নপত্র, উত্তরপত্র, পূর্ববর্তী পরীক্ষার নম্বরপত্র ও ইউনিক আইডি ফরম প্রদান করা হবে। সকল সম্মানিত অভিভাবকগণকে যাবতীয় কাগজপত্র সংগ্রহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। সকল সম্মানিত অভিভাবকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিদ্যালয়টি সম্পূর্ণ বেসরকারীভাবে সরকারি কোন অনুদান ছাড়া পরিচালিত। শিক্ষার্থীদের আদায়কৃত বেতন দ্বারা শিক্ষক/কর্মচারীদের বেতনসহ স্কুলের যাবতীয় ব্যয় নির্বাহ করা হয়। তাই সকল সম্মানিত অভিভাবকগণকে জানানো যাচ্ছে যে, অ্যাসাইনমেন্ট ও অন্যান্য কাগজ পত্র সংগ্রহের পূর্বে ভর্তি বকেয়াসহ মাসিক বেতন (যদি বকেয়া থাকে) তা পরিশোধ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। অ্যাসাইনমেন্ট ও অন্যান্য কাগজপত্র সংগ্রহের সময় সকল সম্মানিত অভিভাবকগণকে অবশ্যই বেতন কার্ড দেখাতে হবে। আপনাদের সার্বিক সহযোগিতা আমাদের বিদ্যালয়কে সুপ্রতিষ্ঠিত করতে সহায়তা করবে। শনিবার অ্যাসাইনমেন্ট জনিত কারণে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির লাইভ ক্লাস বন্ধ থাকবে ও বরিবার থেকে যথারীতি চলবে এবং ১০ম শ্রেণির আগামী ২৯/০৫/২০২১ থেকে ০৫/০৬/২০২১ ইং তারিখ পর্যন্ত লাইভ ক্লাস বন্ধ থাকবে। ৪র্থ অ্যাসাইনমেন্ট ও ইউনিক আইডি জমা দেওয়া এবং ৫ম অ্যাসাইনমেন্ট গ্রহণের তারিখ আগামী ০৫/০৬/২০২১ ইং তারিখ শনিবার।

Shafi

(আব্দুল্লা হেল শাফী)

প্রধান শিক্ষক

প্রথেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ